

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
তাহিরপুর, সুনামগঞ্জ।  
www: [tahirpur.sunamganj.gov.bd](http://tahirpur.sunamganj.gov.bd)

স্মারক নং-০৫.৪৬.৯০৯২.০০০.০৮.০১৪.২১- ১১৮

তারিখ- ০৮ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি।

হাট বাজার ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি নং-০১/২০২২

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাহিরপুর উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন নিম্নবর্ণিত হাট বাজারসমূহ ১৪২৯ বাংলা সন মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত ইজারা গ্রহণেচ্ছুক প্রতিষ্ঠান/ব্যক্তিদের নিকট থেকে নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ইজারায়োগ্য হাটবাজারের তালিকা :

ক্রমিক নং	হাটবাজারের নাম	ইউনিয়ন	১৪২৯ বাংলা সনে কাজিত মূল্য	মন্তব্য
০১	বাদাঘাট বাজার	বাদাঘাট	১০,৫৫,০৫২/-	মামলায় জড়িত থাকলে বিজ্ঞ আদালতের স্থিতাবস্থা/স্থগিতাদেশ/ নিষেধাজ্ঞা না থাকা সাপেক্ষে কার্যক্রম চলমান থাকবে।
০২	লাউডেরগড় বাজার	বাদাঘাট	৮,৯০৪/-	
০৩	বিন্ধাকুলী বাজার	বাদাঘাট	১,৮৮৬/-	
০৪	শ্রীপুর বাজার	শ্রীপুর উত্তর	৪,৯৮২/-	
০৫	চাঁনপুর বাজার	বড়দল উত্তর	৩,২৮৬/-	
০৬	বালিয়াঘাট বাজার	শ্রীপুর উত্তর	৫১,৩৩৮/-	
০৭	কাউকান্দি বাজার	বড়দল দক্ষিণ	২,০৪,০৫০/-	
০৮	আনোয়ারপুর বাজার	বালিজুরী	১৪,৭৮৭/-	
০৯	জয়বাংলা বাজার	শ্রীপুর উত্তর	২৭,৯১২/-	
১০	কলাগাঁও বাজার	শ্রীপুর উত্তর	১৬,০৭৫/-	
১১	জয়শ্রী বাজার	শ্রীপুর দক্ষিণ	১,৩০,৩৮০/-	
১২	সুলেমানপুর বাজার	শ্রীপুর দক্ষিণ	৩৮,৮৬৫/-	
১৩	তাহিরপুর বাজার	তাহিরপুর	৫৮,৯৩৬/-	
১৪	বালিজুরী বাজার	বালিজুরী	২,৮০৯/-	
১৫	বীরেন্দ্রনগর বাজার	শ্রীপুর উত্তর	১০,৫২৮/-	

ইজারা সংক্রান্ত দিনপঞ্জিকা :

(১ম পর্যায় ইজারা না হলে পর্যায়ক্রমে পরবর্তী তারিখসমূহে কার্যক্রম চলবে)


পর্যায়	সিডিউল বিক্রির শেষ তারিখ (অফিস চলকালীন পর্যন্ত)	দরপত্র দাখিলের তারিখ ও সময় : ০১.০০ টা	দরপত্র বাস্তু খোলার তারিখ ও সময় ১.৩০ টা
১ম পর্যায়	২২/০২/২০২২ খ্রিঃ	২৩/০২/২০২২ খ্রিঃ	২৩/০২/২০২২ খ্রিঃ
২য় পর্যায়	০৬/০৩/২০২২ খ্রিঃ	০৭/০৩/২০২২ খ্রিঃ	০৭/০৩/২০২২ খ্রিঃ
৩য় পর্যায়	১৪/০৩/২০২২ খ্রিঃ	১৫/০৩/২০২২ খ্রিঃ	১৫/০৩/২০২২ খ্রিঃ
৪র্থ পর্যায়	২২/০৩/২০২২ খ্রিঃ	২৩/০৩/২০২২ খ্রিঃ	২৩/০৩/২০২২ খ্রিঃ
৫ম পর্যায়	৩০/০৩/২০২২ খ্রিঃ	৩১/০৩/২০২২ খ্রিঃ	৩১/০৩/২০২২ খ্রিঃ
৬ষ্ঠ পর্যায়	১০/০৪/২০২২ খ্রিঃ	১১/০৪/২০২২ খ্রিঃ	১১/০৪/২০২২ খ্রিঃ
৭ম পর্যায়	১৮/০৪/২০২২ খ্রিঃ	১৯/০৪/২০২২ খ্রিঃ	১৯/০৪/২০২২ খ্রিঃ
৮ম পর্যায়	২৬/০৪/২০২২ খ্রিঃ	২৭/০৪/২০২২ খ্রিঃ	২৭/০৪/২০২২ খ্রিঃ

দরপত্র দাখিলের শর্তাবলী ৪-

- ০১। ১৪২৯ বাংলা সনের ১লা বৈশাখ হতে ১৪২৯ বাংলা সনের ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে হাট-বাজারসমূহ ইজারা দেয়া হবে।
- ০২। দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ (শতকরা ৩০ ভাগ) জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ এর অনুকূলে জমা করতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন প্রকার ক্ষতি সাধন করলে উক্ত জামানতের অর্থ হতে তা মেটানো হবে।
- ০৩। দরপত্র ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তাহিরপুর, উপজেলা ভূমি অফিস, তাহিরপুর, ইউনিয়ন ভূমি অফিস, তাহিরপুর/ডিহিভাটি, জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের কার্যালয় এর রাজস্ব শাখা ও স্থানীয় সরকার শাখায় পাওয়া যাবে।
- ০৪। ১,০০,০০০/- (একলক্ষ) টাকা পর্যন্ত ইজারা মূল্যের বাজারের জন্য নগদ ৫০০/- (পাঁচশত) টাকা, ১,০০,০০০/- টাকার উর্দে কিন্তু ২,০০,০০০/- টাকা পর্যন্ত বাজারের জন্য নগদ ১,০০০/- (এক হাজার) টাকা এবং ২,০০,০০০/- টাকার উর্দে প্রতি লক্ষ বা তার ভগ্নাংশ টাকার জন্য ১,০০০/- টাকার সাথে অতিরিক্ত ২০০/- টাকা যোগ করে দরপত্র দাখিলের পূর্বদিবস পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে) দরপত্র ক্রয় করা যাবে।
- ০৫। সীলমোহরযুক্ত দরপত্র নির্ধারিত দিনপঞ্জি মোতাবেক বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত শুধুমাত্র উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর এর অফিস কক্ষে রক্ষিত দরপত্র বাঞ্ছা দাখিল করা যাবে এবং ঐদিন বেলা ১.৩০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।
- ০৬। যে তারিখে দরপত্র ক্রয় করা হবে তৎপরবর্তী ধার্য তারিখেই দরপত্র দাখিল করতে হবে। অন্যথায় উক্ত দরপত্র অকার্যকর ও বাতিল হবে।
- ০৭। একটি ফরমে কেবলমাত্র একটি বাজারের জন্য দরপত্র দাখিল করা যাবে। যে হাট বাজারের জন্য দরপত্র দাখিল করা হচ্ছে তার নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে। যে বাজারের নামে দরপত্র ক্রয় করা হবে শুধুমাত্র সে বাজারের নামে দরপত্র দাখিল করতে হবে।
- ০৮। একটি বাজারের জন্য দাখিলকৃত একাধিক দরপত্রে প্রদর্শিত মূল্য সমান হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।
- ০৯। দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে অনুমোদনের সাত কার্যদিবসের মধ্যে দরপত্র দাতাকে অবশিষ্ট সমুদয় টাকা পরিশোধ করতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং দরপত্রের সাথে প্রদেয় ব্যাংক ড্রাফটের অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ১০। অনুমোদিত দরদাতাকে প্রস্তাবিত মূল্যের উপর সরকার কর্তৃক আরোপিত ১০% আয়কর ও ১৫% অর্থ ভ্যাটসহ অন্যান্য করাদি (দরপত্রে উল্লিখিত দরের অতিরিক্ত/নির্ধারিত হারে) প্রদান করতে হবে নতুবা ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ১১। ইজারাদার কোনক্রমেই ইজারাপ্রাপ্ত হাট বাজার অন্যের নিকট সাব-লীজ (উপ-পত্তন) দিতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন করা হয় তবে ইজারা বাতিলসহ তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১২। দরপত্র দাখিলের পর তা গৃহীত হলে এবং সম্পূর্ণ টাকা পরিশোধের পর যথাযথভাবে চুক্তিপত্র সম্পাদন হলে দখল প্রদান করা হবে। ইজারাদারকে নিজ দায়িত্বে ও নিজ খরচে নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে চুক্তিপত্র সম্পাদন ও সরেজমিন দখল গ্রহণ করতে হবে। ইজারাদারের গাফিলতির কারণে দখল প্রদানে বিলম্ব হলে তজ্জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ১৩। বিভিন্ন দ্রব্যের উপর কালেক্টর কর্তৃক অনুমোদিত টোল আদায়ের হার বাজারের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে জনসাধারণের অবগতির জন্য ইজারাদার কর্তৃক নিজ খরচে দৃশ্যমানভাবে টাঙ্গিয়ে রাখতে হবে এবং নির্ধারিত হারে টোল আদায় করতে হবে। অন্যথায় ইজারা বাতিল করা হবে।
- ১৪। ইজারা গ্রহীতাকে হাট বাজারের বাস্তব অবস্থা ও ইজারার শর্তাবলী সম্পর্কে অবহিত হয়ে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাখিলের পর কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ১৫। অসম্পূর্ণ/অস্পষ্ট/ত্রুটিপূর্ণ/কাটাকাটিযুক্ত দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১৬। কোন হাট বাজারের উপর বিজ্ঞ আদালত/কর্তৃপক্ষ কর্তৃক নিষেধাজ্ঞা স্থগিতাদেশ থাকলে ঐ হাটের উপর এ বিজ্ঞপ্তি কার্যকর হবে না।
- ১৭। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাটবাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক জমাকৃত অবশিষ্ট অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।



- ১৮। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।  
১৯। বিজ্ঞপ্তি এ কার্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।

  
(মোঃ রায়হান কবির) ০৮/০৭/২০২২  
উপজেলা নির্বাহী অফিসার  
তাহিরপুর, সুনামগঞ্জ।  
[unotahirpur@gmail.com](mailto:unotahirpur@gmail.com)

স্মারক নং-০৫.৪৬.৯০৯২.০০০.০৮.০১৪.২১- ১১৮/১(৫০)


তারিখ: ০৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রি।

বিতরণ: সদয় অবগতির জন্য

- ০১। মাননীয়, জাতীয় সংসদ সদস্য-২২৪, সুনামগঞ্জ -১, জাতীয় সংসদ সচিবালয়, শেরেবাংলা নগর, ঢাকা।  
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।  
০৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।  
০৪। পুলিশ সুপার, সুনামগঞ্জ।  
০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সুনামগঞ্জ।  
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।

বিতরণ: অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০৭। সহকারী কমিশনার (ভূমি), তাহিরপুর, সুনামগঞ্জ।  
০৮। উপজেলা ----- কর্মকর্তা (সকল), তাহিরপুর, সুনামগঞ্জ।  
০৯। সাব রেজিস্ট্রার, তাহিরপুর, সুনামগঞ্জ।  
১০। সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ। তাকে বিজ্ঞপ্তি জেলা প্রশাসনের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।  
১১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, তাহিরপুর, সুনামগঞ্জ। তাকে বিজ্ঞপ্তি উপজেলা প্রশাসনের ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।  
১২। চেয়ারম্যান ----- ইউ.পি (সকল) তাহিরপুর, সুনামগঞ্জ। তাঁর অধিক্ষেত্রের হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে বিজ্ঞপ্তি প্রচারের জন্য অনুরোধ করা হলো।  
১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, তাহিরপুর/ডিহাটি ইউনিয়ন ভূমি অফিস। তাঁর অধিক্ষেত্রের হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে বিজ্ঞপ্তি প্রচারের জন্য অনুরোধ করা হলো।  
১৪। ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক/সোনালী ব্যাংক লিমিটেড, তাহিরপুর/বাদাঘাট শাখা, তাহিরপুর, সুনামগঞ্জ।  
১৫। বিজ্ঞাপন ব্যবস্থাপক-----তাঁর পত্রিকায় বিজ্ঞপ্তি আগামী ১৭/০২/২০২২ খ্রি: তারিখের মধ্যে যে কোন ০১(এক) দিন স্বল্প পরিসরে মূল অংশ প্রকাশ পূর্বক প্রকাশিত সংখ্যার ০৩(তিন) কপি এ অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।  
১৬। জনাব ----- সাবেক ইজারাদার-----  
বাজার, গ্রাম-----, ডাকঘর-----, উপজেলা-তাহিরপুর, জেলা-  
সুনামগঞ্জ।  
১৭। নোটিশ বোর্ড।

  
(মোঃ রায়হান কবির) ০৮/০৭/২০২২  
উপজেলা নির্বাহী অফিসার  
তাহিরপুর, সুনামগঞ্জ।  
[unotahirpur@gmail.com](mailto:unotahirpur@gmail.com)